

অনলাইন শিক্ষা ব্যবস্থার জন্য প্রযুক্তি সম্ভাবনার এক নতুন দ্বার উন্মোচন করে দিয়েছে বিশেষত মহামারীর মধ্যে যখন সারা বিশ্বে শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ করে দিতে হয়েছে।

শিক্ষার্থী, প্রশিক্ষক, শিক্ষক এবং তরুণদের কাছে শিক্ষার অভিজ্ঞতাগুলোকে আরো মজাদার, আকর্ষণীয় এবং ইন্টারেক্টিভ করার জন্য তাদের কাছে এখন বিভিন্ন ধরনের শিখন-শিক্ষা উপকরণ আছে।

কোভিড পরবর্তী শিক্ষাব্যবস্থা পুনর্নির্মাণ নিয়ে আগামী ১০ই মে অনুষ্ঠিত ভার্চুয়াল ডায়ালগ "TAGE - Talking Across Generation" এ আমরা জানতে চাই একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জগুলি মোকাবেলায় আপনাকে প্রস্তুত করতে শিক্ষার জন্য প্রযুক্তি কী ভূমিকা পালন করবে? প্রযুক্তি আপনাকে আপনার মানসিক স্বাস্থ্য সমস্যা, জলবায়ু সংকট, তথ্য গোপনীয়তা, বিশ্বায়ন, ক্রমবর্ধমান বৈষম্য এবং এই জাতীয় অন্যান্য সমস্যাগুলি মোকাবেলা করার ক্ষেত্রে কিভাবে সহায়তা করবে?

ইউনেস্কো মহাত্মা গান্ধী ইন্সটিটিউট অব এডুকেশন ফর পিস এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট @UNESCO MGIEP এর পক্ষে আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি বিশ্ব শিক্ষা ব্যবস্থায় নেতৃত্বদানকারী নীতি নির্ধারকদের একজন হিসেবে আমাদের লাইভ সংলাপে অংশ নিবেন সারা বিশ্ব থেকে নির্বাচিত ৬ তরুণদের সাথে যার মধ্যে একজন বাংলাদেশী তরুণকে আমন্ত্রণ জানানো হবে।

এ আলোচনায় অংশ নিতে নিম্নে প্রদত্ত লিংক এর মাধ্যমে একটি অনলাইন সমীক্ষায় সক্রিয়ভাবে অংশ নেয়ার জন্য আহ্বান জানানো হচ্ছে :

<https://tagesurvey2021.paperform.co>

অথবা আমাদের ফেসবুক পেজের এই লিঙ্কে কमेंট করেও আপনি আপনার অভিমত জানাতে পারেন:

<https://www.facebook.com/mgiep/posts/4130322536998260>